# দিঘলিয়া উপজেলা পরিষদের নভেম্বর/২০২৪ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

(সভা নং-৬)

সভাপতি : আরিফুল ইসলাম
প্রশাসক,
উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।
তারিখ : ২৫ নভেম্বর ২০২৪, সোমবার
সময় : দুপুর ১২:৩০ ঘটিকা
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ ।

(উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা পৃথক রেজিস্টারে সংরক্ষিত)

সভার শুরুতে উপস্থিত সকল সদস্যদেরকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় নিম্নরূপ বিষয়ভিত্তিক আলোচনা এবং সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | বিগত অক্টোবর/২০২৪, মাসের সাধারণ সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতভাবে অনুমোদিত হয়। | অক্টোবর/২০২৪ মাসের উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী সর্বসম্মতভাবে অনুমোদিত। | উপজেলা নির্বাহী অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ০২ | উপজেলা পরিষদের আয়-ব্যয় সংক্রান্ত | উপজেলা পরিষদের আয়-ব্যয় সংক্রান্ত হিসাব সভায় উপস্থাপন: অক্টোবর/২০২৪ মাসে উপজেলা পরিষদ কর্তৃক আয় ও ব্যয়ের হিসাব সভায় উপস্থাপন করা হয় ।<br>সর্বমোট আয়-৮,৬৮,৮১৫ /-<br>মোট ব্যয়- ২,০১,০৫২ /- | উপজেলা পরিষদের আয় সংশ্লিষ্ট হিসাবে জমা নিশ্চিত করতে হবে। সংশ্লিষ্ট ক্যাশ বইসমূহ যথারীতি সংরক্ষণ করতে হবে। | প্রশাসক উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার এবং সংশ্লিষ্ট অফিস সহকারী। |
| ০৩ | উপজেলা কৃষি দপ্তর | উপজেলা কৃষি অফিসার জানান যে, নভেম্বর/২৪ মাসে প্রায় ৭০০ জন কৃষক কে পোকা-মকড় (বালাই) এর আগাম সতর্ক করা ও উন্নত কৃষি প্রযুক্তি বিষয় হাতে কলমে প্রশিক্ষণ দেওয়া হয়। রবি মৌসুমে/২০২৪-২৫ অর্থ বছরে কৃষি প্রণোদনার আওতায় কৃষকদের মাঝে ৩২০০ বিঘায় হাইব্রিড বোরো ধানের বীজ বিতরণ করা হয়েছে এবং ব্রক্ষগাতী ব্লকে, দাসপাড়ায় ৫০ একর জমিতে সমলয় এর কার্যক্রম চলমান রয়েছে। দিঘলিয়া ইউনিয়নের চেয়ারম্যান বলেন মোড়ল মার্কেট ও কেবলঘাটে ২ (দুই) জন খুচরা সার বিক্রেতা নিয়মিত সার উত্তোলন করেন, না। এদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের করা হবে। বারাকপুর ইউনিয়নে ঘোষগাতী গ্রামে ৩০০ বিঘা জমিতে পানি দেওয়া সম্ভব হচ্ছেনা কারণ এলাকার লোকজন সেচ নালাতে পলিথিন ও ময়লা | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারী বিধি বিধান অনুসরণ পূর্বক দাপ্তরিব কার্জ পরিচালনাসহ কৃষি অফিস থেকে কৃষকের মাঝে যে উপকরণ গুলি বিতারণ করা হবে। সে ক্ষেত্রে সরজমিনে যাচাই বাছাইয়ের মাধ্যমে প্রকৃত কৃষক কে উক্ত উপকরন বিতারণ করা এবং ঘোষগাতী গ্রামে ৩০০ বিঘা জমিতে পানি দেওয়া সেচ নালার আর্বজনা পরিস্কারের জন্য বারাকপুর প্যানেল | উপজেলা প্রকৃষি অফিসার , প্যানেল চেয়ারম্যান বারাকপুর, ইউনিয়ন পরিষদ, দিঘলিয়া খুলনা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | আর্বজনা ফেলে নালা বন্ধ করে ফেলেছে, কৃষি সম্প্রসারণ অফিসার সভায় উপস্থাপন করেন। মাঠে ফসলের বর্তমান অবস্থা ভাল এবং বর্তমান সারের কোন ঘাটতি নাই। অন্যান্য বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে চলছে। | চেয়ারম্যান কর্তৃক বিষয়টি গ্রাম পুলিশ দিয়ে সরেজমিনে তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থ্য গ্রহণ করা সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০৪ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার জানান যে, গত ০৯ অক্টোবর সন্ধায় উপজেলা হাসপাতালগেট সংলগ্ন বটগাছ টি উপড়ে পড়ে মেইন রাস্তা বন্ধ হয়ে যাওয়ায় সাধারণ জণগন ও যানবাহন চলাচলের সুবিধার্থে তাৎক্ষনিক ভাবে দিঘলয়া সদর ইউনিয়ন চেয়ারম্যান নিজ দায়িত্বে উপরেপরা বটগাছটির শাখা প্রশাখা কেটে জনসাধারন ও যানবাহন চলাচলের ব্যবস্থা করে দেন। উক্ত গাছটির অবশিস্ট অংশ দ্রুত নিলামের মাধ্যমে বিক্রয়ের ব্যবস্থা করার জন্য অনুরোধ করেন।<br>তিনি বলেন বর্তমানে সারাদেশে ডেঙ্গু রোগের প্রার্দুভাব চলছে। তিনি বলেন দিঘলিয়া উপজেলায় গত মাসে ১৭ জন ডেঙ্গু রোগী সনাক্ত হয়েছে। তিনি বলেন চলতি মাসে ৩৫ জন ডেঙ্গু রোগী সনাক্ত হয়েছে। এক্ষেত্রে তিনি আমাদের প্রত্যেকের আঙ্গিনা পরিবেশ পরিষ্কার পরিচ্ছন্ন রাখার জন্য সকলকে অনুরোধ করেন। তিনি আরো বলেন বর্তমানে ডেঙ্গু পরীক্ষার জন্য উপজেলা হাসপাতালে যে কীটের মজুদ ছিল তা প্রায় শেষের পথে। তিনি বলেন কীট শেষ হয়ে গেলে অত্র হাসপাতালে ডেঙ্গু রোগ পরীক্ষা করা সম্ভব হবে না। তাই জরুরী ভিত্তিতে ডেঙ্গুর কীট সরবরাহের জন্য উপজেলা পরিষদের নিকট উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা অনুরোধ করেন।<br>তিনি বলেন বর্তমান শীত মৌসুমে এসময়ে কাঁচা খেজুর রস খাওয়া থেকে সকলকে বিরত থকার জন্য আহবান করেন। কারণ কাঁচা খেজুরের সর খেলে নিপা ভাইরাস হওয়ার আশংকা রয়েছে। তিনি আরো বলেন যে সকল মাধ্যমিক স্কুলের ছাত্রীরা এখন পর্যন্ত টিকা গ্রহণ করেনি তাদেরকে দ্রুত টিকা গ্রহণ করা কথা বলেন এবং সেটি ২৮/১১/২৪ খ্রি: তারিখের মধ্যে টিকা গ্রহণ করার জন্য সকল মাধ্যমিক স্কুলের ছাত্রীদের গার্ডিয়ানদেরকে অনুরোধ করেন।<br>তিনি আরো বলেন উপজেলা পরিষদ থেকে কুকুরে কামড়ানো যে র‍্যাভিস ভ্যাকসিন টিকা উপজেলা হাসপাতালে প্রদান করা হয়েছিল তা শেষ হয়ে গেছে। সে র‍্যাভিস ভ্যাকসিনের টিকা যাতে পুনরায় উপজেলা হাসপাতলে সরবরাহ সহ | সভায় বিস্তারিত আলোচনান্তে হাসপাতালগেট সংলগ্ন পড়ে যাওয়া বটগাছটির মূল্য নির্ধারণ করে দ্রুত নিলামের মাধ্যমে বিক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>সভায় বিস্তারিত আলোচনান্তে ডেঙ্গু মশার উৎপাদন স্থান রোধ কল্পে আমাদের প্রত্যেকের আঙ্গিনার চার পাশ পরিস্কার পরিচ্ছন্ন করারসহ ডেঙ্গুর কীট সরবরাহের ক্ষেত্রে উপজেলা পরিষদ হতে অর্থ বরাদ্দ স্বাপেক্ষে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>সভায় বিস্তারিত আলোচনান্তে কাঁচা খেজুর রস খাওয়া থেকে সকলকে বিরত থাকাসহ সকল মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্রীদের ২৮/১১/২৪ খ্রি: তারিখের মধ্যে টিকা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>সভায় বিস্তরিত আলোচনান্তে কুকুরে কামড়ানো রোগীর ভ্যাকসিন উপজেলা পরিষদের অপ্রত্যাশিত খাত হতে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার একটি প্রকল্প গ্রহণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল দিঘলিয়া, খুলনা।<br><br>উপজেলা প্রশাসক, ও উপজেলা নির্বাহী অফিসার, দিঘলিয়া, খুলনা।<br><br>উপজেলা প্রশাসক, ও উপজেলা নির্বাহী অফিসার, দিঘলিয়া, খুলনা। |

<table>
<tr><td>০৫</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার জানান যে, অত্র উপজেলায় মোট দম্পতি ৯৪,৬৩০ জন মোট গ্রহকারী ৭৭,৮৭১ জন সি আর ৮২.২৯% ইম্প্যান্ট গ্রহকারী ১১৫ জন আইইউডি গ্রহকারী ৪৩ জন স্থায়ী পদ্ধতি (পুরুষ) ২ জন স্থায়ী পদ্ধতি (মহিলা) ৪৭ জন। প্রসব সেবা ৮ জন। পরিবার পরিকল্পনা বিভাগের অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে।</td><td>সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারি বিধি বিধান অনুসরণপূর্বক দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, দিঘলিয়া, খুলনা।</td></tr>
<tr><td>০৬</td><td>উপজেলা সমাজসেবা দপ্তর</td><td>উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, ২০২৪-২৫ অর্থবছরে সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃতিতা মহিলা ভাতা এবং অসচ্ছল প্রতিবন্ধী কার্যক্রমে লাইভ ভেরিফিকেশন সশরীরে উপস্থিতির মাধ্যমে প্রকৃত ভাতাভোগী নিশ্চিত করা হয়। তিনি বলেন ১ম কিস্তিতে মোট ১২৭ জনকে পেরোল দেয়া হয়েছে। নভেম্বর/২৪ মাসে ঘূর্ণায়মান তহবিল খাতে সকল খাতে মোট=৬,২৫,৩৬৫/- টাকা আদায় হয়েছে। আদায়যোগ্য ও অনাদায়ী টাকা আদায়ের জোর চেষ্টা চলমান আছে।</td><td>সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারি বিধি বিধান অনুসরণপূর্বক দাপ্তরিক কার্যক্রম পরিচালনাসহ ঋণ বিতরণ ও ঋণ আদায় কার্যক্রম অব্যহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা সমাজসেবা অফিসার, দিঘলিয়া, খুলনা।</td></tr>
<tr><td>০৭</td><td>উপজেলা প্রাণিসম্পদ দপ্তর</td><td>উপজেলা ভেটেরিনারি অফিসার জানান যে, তার অফিসের কার্যক্রম সঠিকভাবে পরিচালনাসহ খামারী পর্যায়ে ভেটেরিনারি চিকিৎসা এবং অন্যান্য সেবা প্রদান করা হচ্ছে। তিনি বলেন উপজেলা পরিষদের মেইনগেট নির্মাণ কাজ শেষ হলেও উপজেলা প্রাণিসম্পদ অফিসের বাউন্ডরী ওয়াল ও গেট মেরামতসহ সংযোগ সড়ক নির্মাণ প্রয়োজন হয়ে পড়েছে। এমতাবস্থায় বর্ণিত প্রকল্পের কাজটি বাস্তবায়ন করার জন্য=২,০০,০০০/- (দুই লক্ষ টাকার) একটি প্রাক্কলন ও একটি প্রকল্প কমিটি গঠন করে উপস্থাপন করা হলো। যা অনুমোদন প্রয়োজন। কমিটি নিম্নরুপঃ
<table>
<tr><th>ক্র: নং</th><th>নাম ঠিকানা</th><th>ঠিকানা</th><th>পরিচয়</th><th>কমিটির পদবী</th></tr>
<tr><td>১</td><td>মোঃ হাফিজুর রহামন</td><td>দিঘলিয়া</td><td>ইউপি সদস্য</td><td>সভাপতি</td></tr>
<tr><td>২</td><td>মোঃ ইদ্রিস খান</td><td>দিঘলিয়া</td><td>ব্যবসায়ী</td><td>সদস্য-সচিব</td></tr>
<tr><td>৩</td><td>মোঃ মিজান মোড়ল</td><td>দিঘলিযা</td><td>আনসার</td><td>সদস্য</td></tr>
<tr><td>৪</td><td>মোঃ রিজাউল খান</td><td>দিঘলিয়া</td><td>সমাজ সেবক</td><td>সদস্য</td></tr>
<tr><td>৫</td><td>মোঃ মেহেদী</td><td>দিঘলিয়া</td><td>শিক্ষক</td><td>সদস্য</td></tr>
<tr><td>৬</td><td>মাওঃ আব্দুল হক</td><td>দিঘলিয়া</td><td>ইমাম</td><td>সদস্য</td></tr>
<tr><td>৭</td><td>মোঃ কায়ছার হামিদ</td><td>দিঘলিয়া</td><td>গন্যমান্য</td><td>সদস্য</td></tr>
</table></td><td>সভায় বিস্তারিত আলোচনান্তে প্রকল্পের প্রাক্কলন ও প্রকল্প কমিটি অনুমোদনসহ কাজটি বাস্তবান করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। যা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয় পরিশোধ হবে।</td><td>প্রশাস, উপজেলা পরিষদ, ও উপজেলা নির্বাহী অফিসার, এবং উপজেলা প্রকৌশলী দিঘলিয়া, খুলনা।</td></tr>
<tr><td>০৮</td><td>উপজেলা মৎস্য দপ্তর।</td><td>উপজেলা সিনিয়র উপজেলা মৎস্য অফিসার জানান যে, খুলনা জেলার দিঘলিয়া উপজেলা একটি উপকূলীয় নদী বেষ্টিত দ্বীপ এলাকা। এ উপজেলায় ০৬ টি ইউনিয়নের মধ্যে ০৩ টি ইউনিয়ন নদী বেষ্টিত এবং ০৩ টি ইউনিয়নের ভৈরব, আত্রাই, রুপসা, এবং নবগঙ্গা ০৪ (চার)টি বড় নদী ও অসংখ্য খালদ্বারা পরিবেষ্টিত।</td><td>সভায় বিস্তারিত আলোচনান্তে নদী বেষ্টিত উপজেলা হওয়ায় এবং ৪ টি বড় নদী অসংখ্য খালদ্বারা পরিবেষ্টিত মৎস্য সম্পদে ভরপুর</td><td>উপজেলা নির্বাহী অফিসার ও উপজেল</td></tr>
</table>

<table>
<tr>
<td></td>
<td></td>
<td>এ নদীতে বছরে বিভিন্ন সময়ে মা ইলিশ সংরক্ষণের অভিযান পরিচালিত হয়। প্রতি বছরের ন্যায় বর্তমান অর্থবছরে ১৩-১০-২০২৪ হতে ০৩-১১-২০২৪ খ্রি: তারিখ পর্যন্ত মোট ২২ দিনে ১০ টি মোবাইল কোর্ট ও ২৮ টি অভিযান পরিচালনার মাধ্যমে ২১.০০ (একুশ লক্ষ) টাকার কারেন্ট জাল বিনষ্ট করা হয়েছে। এছাড়া জাটকা নিধন অভিযান প্রতি অর্থবছরে ০১ নভেম্বর হতে ৩০ জুন পর্যন্ত অব্যহত থাকে। এ সকল অভিযান পরিচালনার জন্য দ্রুতগামী নৌযান না থাকায় বেশিরভাগ ক্ষেত্রে প্রকৃত অপরাধীদের আইনের আওতায় নিয়ে আসা সম্ভব হয় না।<br><br>তিনি আরো জানান, উপজেলা নদী বেষ্টিত হওয়ায় এখানে নদীর পাড়ে অনেক খাস জমি ও নদীর চর ভরাটি জমি রয়েছে। এ সকল সরকারি জমি রক্ষণাবেক্ষণ, বিভিন্ন প্রকল্পের কাজ তদারকি, নিয়মিত মাদক বিরোধী অভিযান পরিচালানা, ত্রাণ বিতরণ বিভিন্ন প্রশাসনিক কাজ সম্পাদন এবং আইন-শৃঙ্খলা রক্ষার জন্য অত্র উপজেলায় একটি স্পীডবোটের বিশেষ প্রয়োজনীয়তা রয়েছে।<br>তিনি আরো বলেন, দিঘলিয়া উপজেলার অনুকূলে ০১ (এক) জন চালক এবং প্রয়োজনীয় জ্বালানীসহ একটি স্পিডবোট অর্গানোগ্রামভুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সবিনয়ে অনুরোধ করা হল ।</td>
<td>এসব নদী গুলোতে মা ইলশ সংরক্ষণ ও জাটকা নিধণ অভিযান আরো জোরদার করে পরিচালনা করার জন্য এ উপজেলায় কোন দ্রুতগামী নৌযান না থাকায়। এ উপজেলায় একটি দ্রুতগামী নৌযান চেয়ে জেলা প্রশাসকের কার্যালয়ে পত্র প্রেরণের করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>সিনিয়ার মৎস্য অফিসার দিঘলিয়া, খুলনা।</td>
</tr>
<tr>
<td>০৯</td>
<td>উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো কমিটি</td>
<td>প্রস্তাব-১: উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২৪-২৫ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) তহবিলের আওতায় অত্র উপজেলায় ১ম কিস্তিতে ২২,৩৭,০০০/- টাকা বরাদ্দ পাওয়া গেছে। প্রথম বরাদ্দ হিসাবে মোট ০৪ কিস্তির সম্ভব্য বরাদদ=৮৯,৪৮,০০০/- টাকা ও চলতি অর্থবছরের উপজেলা উন্নয়ন তহবিল (ইউডিএফ) এর =৭৪,৭১,২৬৫/- টাকার বিপরীতে প্রকল্প দাখিল করার জন্য সকল ইউ, পি চেয়ারম্যান এবং দপ্তর প্রধানগণকে পত্র প্রেরণ করার যেতে পারে।<br><br>প্রস্তাব-২: উপজেলা প্রকৌশলী আরো জানান যে, প্রাক্তন উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বদলিজনিত কারণে ব্যবহারকৃত বাসভনটি ছেড়ে দেওয়ায় উক্ত বাসভবনটিতে সদ্য যোগদানকৃত নির্বাহী অফিসারের বসবাসযোগ্য করার জন্য সম্পূর্ণ ভবন মেরামত ও বাউন্ডারি ওয়ালের রং করণসহ বিভিন্ন ফিটিং এর কাজ দ্রুত সম্পাদন করে উক্ত মেরামত রং করণ ও ফিটিং এর কাজের =২,০০,০০০/- (দুই লক্ষ টাকার) একটি প্রাক্কলন ও প্রকল্প কমিটি গঠন করে সভায় পেশ করা হলো। যা অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো। কমিটি নিম্নরুপঃ<br><br>
<table>
<tr><th>ক্র: নং</th><th>নাম ঠিকানা</th><th>ঠিকানা</th><th>পরিচয়</th><th>কমিটির পদবী</th></tr>
<tr><td>১</td><td>বিপ্লব হোসেন</td><td>দিঘলিয়া</td><td>ইউপি সদস্য</td><td>সভাপতি</td></tr>
<tr><td>২</td><td>মোঃমুরাদ</td><td>গোয়াল পাড়া</td><td>ব্যবসায়ী</td><td>সদস্য-সচিব</td></tr>
</table>
</td>
<td>সভায় বিস্তারিত আলোচনান্তে চলতি অর্থবছরে এডিপি ও উন্নয়ন তহবিলের বিপরীতে প্রকল্পের প্রাক্কলন ও প্রকল্প কমিটি আগামী মাসিক সভায় দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>সভায় বিস্তারিত আলোচনান্তে কাজটি বাস্তবায়নের জন্য প্রাক্কলন ও প্রকল্প কমিটি অনুমোদনসহ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহ করার সর্বসম্মতিক্রমে করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলে নির্বাহী অফিসার, ও প্রশাসক, উপজেলা পরিষদ, এবং উপজেলা প্রকৌশলী, দিঘলিয়া, খুলনা।</td>
</tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| ৩ | মোঃ নাহিদ | গোয়াল পাড়া | আনসার | সদস্য |
| ৪ | মোঃ জিয়া | দেয়াড়া | সমাজ সেবক | সদস্য |
| ৫ | মোঃ ইসরাইল | দেয়াড়া | শিক্ষক | সদস্য |
| ৬ | কারী মাওঃ আব্দুল্লাহ | দিঘলিয়া | ইমাম | সদস্য |
| ৭ | মোঃ হাবিবুর রহমান | দেয়াড়া | গন্যমান্য | সদস্য |

**প্রস্তাব-৩:** উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা নির্বাহী অফিসের সার্বক্ষনিক নিরাপত্তার স্বার্থে নিয়োজিত আনসারদের মহোদয়ের বাংলোর প্রধান গেট সংলগ্ন কোন গার্ডশেড না থাকায় নিরাপত্তার স্বার্থে নিয়োজিত আনসারদের রাত্রিকালীন পাহারায় নানামুখি সমস্যার সম্মুখিন হতে হয়। সে কারণে নিবিঘ্নে সার্বক্ষনিক নিরাপত্তা সেবা নিশ্চিতের জন্য দিঘলিয়া উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের সামনে গার্ড রুম নির্মাণ করা প্রয়োজন। এমতাবস্থায় বর্ণিত প্রকল্পের কাজটি দ্রুত বাস্তবায়ন করার জন্য=২,০০,০০০/- (দুই লক্ষ টাকার) একটি প্রাক্কলন ও একটি প্রকল্প কমিটি গঠন করে উপস্থাপন করা হলো। যা অনুমোদন প্রয়োজন। কমিটি নিম্নরুপঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ১ | মোঃ নাজমুল ইসলাম | দিঘলিয়া | ইউপি সদস্য | সভাপতি |
| ২ | মোঃ নজরুল ইসলাম | দেয়াড়া | ব্যবসায়ী | সদস্য-সচিব |
| ৩ | মোঃ বিল্লাল হোসেন | দিঘলিয়া | আনসার | সদস্য |
| ৪ | মোঃ আব্দুর রউফ | দিঘলিয়া | সমাজ সেবক | সদস্য |
| ৫ | মোঃ আমিনুল ইসলাম | দিঘলিয়া | শিক্ষক | সদস্য |
| ৬ | মোঃ ইসমাইল মোড়ল | দিঘলিয়া | ইমাম | সদস্য |
| ৭ | মোঃ ফারুক মোড়ল | দিঘলিয়া | গন্যমান্য | সদস্য |

সভায় বিস্তারিত আলোচনান্তে কাজটি বাস্তবায়নের জন্য প্রাক্কলন ও প্রকল্প কমিটি অনুমোদনসহ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহ করার সর্বসম্মতিক্রমে করার সিদ্ধান্ত গৃহীত হয়।

**প্রস্তাব-৪:** উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা পরিষদে নির্মিত শহীদ মিনারটি দীর্ঘদিনের পুরাতন হওয়ায় মিনার চত্তরটি মেরামতসহ টাইলস স্থাপন এবং মিনার চত্বরটি সর্বসাধারনের প্রবেশ রক্ষার্থে চারপাশ এস এস পিলার ও সিকল দ্বারা ঘেরোয়া করা এবং বাংলাদেশ মানচিত্রটির একাংশ ভেঙ্গে যাওয়ায় মহান বিজয় দিবস উদযাপনের আগেই সংস্কার কাজটি দ্রুত বাস্তবায়নের জন্য =১,১০,০০০/- (এক লক্ষ দশ হাজার টাকার) একটি প্রাক্কলন ও একটি প্রকল্প কমিটি গঠন করে উপস্থাপন করা হলো। যা অনুমোদন প্রয়োজন। কমিটি নিম্নরুপঃ

| ক্র: নং | নাম ঠিকানা | ঠিকানা | পরিচয় | কমিটির পদবী |
|---|---|---|---|---|

সভায় বিস্তারিত আলোচনান্তে কাজটি বাস্তবায়নের জন্য প্রাক্কলন ও প্রকল্প কমিটি অনুমোদনসহ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহ করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

<table>
<tr>
<td></td>
<td></td>
<td>
<table>
<tr><td>১</td><td>মোঃ আমির হোসেন</td><td>সেনহাটি</td><td>ইউপি সদস্য</td><td>সভাপতি</td></tr>
<tr><td>২</td><td>মোঃইসলাম</td><td>সেনহাটি</td><td>ব্যবসায়ী</td><td>সদস্য-সচিব</td></tr>
<tr><td>৩</td><td>মোঃ রাছেল হোসেন</td><td>সেনহাটি</td><td>আনসার</td><td>সদস্য</td></tr>
<tr><td>৪</td><td>মোঃ ফেরদাউস</td><td>সেনহাটি</td><td>সমাজ সেবক</td><td>সদস্য</td></tr>
<tr><td>৫</td><td>মোঃ আশরাফ</td><td>সেনহাটি</td><td>শিক্ষক</td><td>সদস্য</td></tr>
<tr><td>৬</td><td>মোঃএনামূল</td><td>সেনহাটি</td><td>ইমাম</td><td>সদস্য</td></tr>
<tr><td>৭</td><td>মোঃ মুরাদ</td><td>সেনহাটি</td><td>গন্যমান্য</td><td>সদস্য</td></tr>
</table>
<br>
প্রস্তাব-৫: উপজেলা প্রকৌশলী জানান যে, তার দপ্তরের সহকারীদের ডেস্কে বসার চেয়ারগুলি ব্যবহারের অনুপযোগীসহ উপজেলা সহকারী প্রকৌশলীদের ডেস্কে বসার চেয়ার এবং প্রকৌশলী ডেস্কের সম্মুখে জন সাধারনের বসার চেয়ারগুলি ভেঙ্গে যাওয়ার ফলে সেগুলি পূরণ করার প্রয়োজ হয়ে পড়ায়। সেগুলি পরিবর্তন করে নতুন চেয়ার ক্রয় করা প্রয়োজন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।
<br><br>
প্রস্তাব-৬: উপজেলা প্রকৌশলী জানান যে, গত অক্টোবর/২৪ মাসের মাসিক সভার আলোচনার প্রেক্ষিতে উপজেলা পরিষদের নন-গেজেটেড কোয়াটার বনলতা ভবনে বসবাস কারীরা জানান যে তাদের ভবনের প্রতিটি ফ্লাটের দরজা, জানালা, ফ্লোর, এবং টয়লেট গুলি ব্যবহারের অনুপযোগী হয়ে পরেছে। বিধায় উক্ত বনলতা ভবনটির দরজা, জানালা, ফ্লোর ও টয়ালেট গুলি দ্রুত মেরামত করার বিষয়ে সভায় বিস্তরিত আলোচনা করা হয়।
</td>
<td>
সিদ্ধান্ত: সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রকৌশলী দপ্তরের সহকারীসহ উপ-সহকারী প্রকৌশলী এবং প্রকৌশলীর ডেস্কে বসার জন্য কিছু চেয়ার উপজেলা পরিষদেরে রাজস্ব তহবিল হতে ক্রয় করার সর্বসম্ম সিদ্ধান্ত গৃহীত হয়।
<br><br>
সিদ্ধান্ত: সভায় বিস্তারিত আলোচনান্তে বনলতা ভবনের প্রতিটি ফ্লাটের উক্ত কাজগুলো দ্রুত মেরামত করে উক্ত মেরামত কাজের খরচের বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোদ করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।
</td>
<td></td>
</tr>
<tr>
<td>১০</td>
<td>স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি)</td>
<td>
সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, স্থানীয় সরকার বিভাগের স্মারক নং৪৬.০৪৫.০২২.১০.০১.০০১-১০৫৮ তারিখ ২৩/০৯/২০১৮ মোতাবেক উপজেলা পরিষদের ভিতরে সম্প্রসারিত ভবন, ইউটিডিসি ভবন, পাম্প হাউজ মেরামতসহ পরিষদের অভ্যন্তরে ড্রেন নির্মাণ ও ড্রেনের উপর স্লাব নির্মাণ কাজের ০৭ টি প্রাক্কলন প্রস্তুত করে সভায় উপস্থাপন করেন যা নিম্নরুপ।
<br><br>
১। দিঘলিয়া উপজেলা পরিষদের পুরাতন ভবনের পিছনে ড্রেণ মেরামত প্রকল্প যার টাকার পরিমান=৭,৩৯,২১৪/৮০, ২। দিঘলিয়া উপজেলা পরিষদের অভ্যন্তরে নতুন ড্রেণ এবং পুরাতন ড্রেণ উচ্চো স্লাব স্থাপন প্রকল্প টাকার পরিমান=৩,২৭,৩৬৩/০৭, ৩। দিঘলিয়া উপজেলা পরিষদের প্রধান গেটের সামনের ড্রেণের উপর উচ্চো স্লাব স্থাপন মেরামত প্রকল্প যার টাকার পরিমান=১,৩৮,১৯১/৮৬, ৪। দিঘলিয়া উপজেলা পরিষদের
</td>
<td>সভায় এ ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয়। অতঃপর চলতি অর্থ বছরে প্রকল্পগুলি যাতে বাস্তবায়ন করা যায় তজ্জন্য উপস্থাপিত প্রাক্কলন অত্র সভায় অনুমোদন সহ নির্বাহী প্রকৌশলী, এলজিইড, খুলনা বরাবর প্রেরণ পূর্বক প্রাক্কলনে প্রতিস্বাক্ষর গ্রহণ করতঃ সচিব, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখায় প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা প্রকৌশলী, দিঘলিয়া, খুলনা।</td>
</tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| | | হলরুম মেরামত প্রকল্প যার টাকার পরিমান=৩,৯৩,৫০৯/৪২, ৫। দিঘলিয়া উপজেলা পরিষদের সম্প্রসারিত ভবন মেরামত প্রকল্প যার টাকার পরিমান=১৮,১৫,৮৯৭/৯৯, ৬। দিঘলিয়া উপজেলা পরিষদের পাম্প হাউস মেরামত প্রকল্প টাকার পরিমান=১,০০,১৬১/৩১, ৭। দিঘলিয়া উপজেলা পরিষদের পুরাতন (ইউটিডিসি) ভবনের মেরামত প্রকল্প যার টাকার পরিমান=৫,০৩,০০৭/১০, ৮। উপজেলা পরিষদ রোড ও পুকুর পাড় ওয়াকওয়ে এবং সাইড ওয়াল মেরামত প্রকল্প যার টাকার পরিমান =৩৬,০৬,১৩০/৮৭ সর্ব মোট টাকার পরিমান =৭৬,২৩,৪৭৬/৪২ (চিয়াত্তর লক্ষ তেইশ হাজার চার শত ছিয়াত্তর) টাকা। | | |
| ১১ | উপজেলা মহিলা বিষয়ক দপ্তর | উপজেলা মহিলা বিষয়ক অফিসার জানান যে, ভিডব্লিউবি কর্মসূচীর আওতায় নভেম্বর/২৪ মাস পর্যন্ত বরাদ্দ সাপেক্ষে ০১ (এক) মাসের খাদ্যশস্য বিতরণ করা হয়েছে ও প্রশিক্ষণ চলমান আছে। ২০২৫-২০২৬ চক্রের আবেদনের কর্যক্রম চলমান আছে। তিনি আরো বলেন মা ও শিশু কর্মসূচীর নতুন উপকারভোগী করার বরাদ্দ আদেশ পাওয়া গেছে, মা ও শিশু কর্মসূচীর নতুন উপকারভোগীর তালিকা করার জন্য প্রতিটি ইউনিয়ন পরিষদে জানানো হইয়াছে। চলমান উপকারভোগীর মনিটরিং চলমান রয়েছে। তিনি বলেন কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি বলেন নভেম্বর/২৪ মাসে নারী নির্যাতন প্রতিরোধ সেলে ০১ অভিযোগ পাওয়া গেছে। নভেম্বর/২৪ মাসে ০২টি উঠান বৈঠাক করা হয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারী বিধি-বিধান অনুসরন পূর্বক দাপ্তরিক কর্ম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ১২ | উপজেলা শিক্ষা দপ্তর। | উপজেলা মৎস্য অফিসার জানান যে, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসের আওতাধীন শিক্ষক জনবল অনেক বেশী হওয়ায় কাজের পরিধি অনেক বেশী এবং সেকারনে ডিজিটাল ডিভাইজ পর্যাপ্ত না থাকায় জরুরী কাজ সম্পাদনের জন্য অফিসের ০১ টি কম্পিউটার এবং ২ জন এইউইও এর গুরুত্বপূর্ণ ফাইলপত্র সংরক্ষণের জন্য ০২ টি ফাইল কেবিনেট প্রয়োজন। তাছাড়া কর্মরত ০২ জন মহিলা সহকারী উপজেলা শিক্ষা অফিসার আছে যাদের জন্য পৃথক কোন ওয়াশব্লক না থাকায় জরুরী ভিত্তিতে তাদের জন্য ০১ টি ওয়াশব্লক প্রয়োজন। এসকল যাবতীয় কার্যক্রমের বিষয় বিভাগীয় কোন বরাদ্দ না থাকায় উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল হতে অর্থ বরাদ্দ প্রদান করে উক্ত কাজ সমূহ সম্পাদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা শিক্ষা অফিসে দাপ্তরিক কর্মের পরিমান বেশী হওয়ায় এবং কর্মের তুলনায় ডিজিটাল ডিভাইজসহ ০২ জন সহকারী শিক্ষা অফিসারের জন্য কোন সংযুক্ত ওয়াশব্লক নির্মাণের ক্ষেত্রে উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল হতে অর্থ বরাদ্দ স্বাপেক্ষে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার দিঘলিয়া, খুলনা। |
| ১৩ | উপজেলা যুব উন্নয়ন দপ্তর | উপজেলা যুব উন্নয়ন অফিসার জানান যে, ২০২৪-২৫ অর্থবছরে প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা অনুযায়ী যুব ও যুব মহিলাদেরকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হবে। চলতি বাজেট অনুযায়ী ২০/১১/২০২৪ তারিখ হতে ৬০ জনে ০২ টি ব্যাচ প্রশিক্ষণ শুরু করা হয়েছে। প্রতিষ্ঠানিক প্রশিক্ষণের জন্য জেলা কার্যালয়ের বিভিন্ন ট্রেডের বিজ্ঞপ্তি দেয়া হয়েছে এবং বিজ্ঞপ্তি মোতাবেক বিভিন্ন ট্রেডে যুবরা প্রশিক্ষণে অংশগ্রহণ করছে। যুব ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ প্রাপ্ত ২০ জন যুব ও যুব মহিলাদের মাঝে ১৪,২০,০০০/- টাকার ঋণ প্রদান করা হয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারী বিধি-বিধান অনুসরণ পূর্বক প্রশিক্ষণ প্রদান ও ঋন প্রদান এবং ঋণ আদায় অব্যহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার দিঘলিয়া, খুলনা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | চলমান ঋণ আদয় শত ভাগ তবে, খেলাপী ঋণ আদায়ের জন্য তাগাদা অব্যহত আছে। | | |
| ১৪ | উপজেলা জনস্বস্থ্য প্রকৌশলী দপ্তর | উপজেলা উপ-সহকারী জনস্বস্থ্য প্রকৌশলী জানান যে, বর্তমান ২০২৪-২৫ অর্থবছরে PSWSC প্রকল্পের আওতায় ৭২টি গভীর নলকূপ বরাদ্দ পাওয়া গেছে। মন্ত্রনালয় কর্তৃক সম্প্রতিক নীতিমালা অনুযায়ী উপজেলা নির্বাহী অফিসার এর তত্ত্বাবধানে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এর সহকারী/উপ-সহকারী প্রকৌশলীকে পানির উৎসের স্থান তালিকা নির্বাচনের জন্য দায়িত্ব প্রদান করা হয়েছে। গত ২৫/১১/২০২৪খ্রিঃ তারিখে অনুষ্ঠিত অত্র উপজেলার মাসিক সমন্বয় সভায় অলোচনার প্রেক্ষিতে গৃহীত সিদ্ধান্ত এবং উপজেলা ওয়াটসান কমিটির সভাপতি (উপজেলা নির্বাহী অফিসার, দিঘলিয়া, খুলনা) মহোদয়ের পরামর্শ অনুযায়ী গভীর নলকূপের স্থান তালিকা প্রস্তুতের জন্য উপজেলা নির্বাহী অফিসার, দিঘলিয়া, খুলনা মহোদয় বরাবর অত্র উপজেলার স্থায়ী বাসীন্দাদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। প্রাপ্ত আবেদন যাচাই-বাছাই শেষে তালিকা প্রস্তুত ও চূড়ান্ত অনুমোদন করা হবে। এছাড়াও বিগত অর্থ বছরে অনুমোদিত সাইট হতে কতিপয় গভীর নলকূপ স্থাপন কাজ নানাজটিলতায় বাস্তবায়ন করা যায়নি এবং কর্তৃক যা সংশোধন/পরিবর্তন প্রয়োজন। খুলনা জেলার রূপসা, দিঘলিয়া ও তেরখাদা উপজেলায় নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় মাননীয় সংসদ সদস্য, খুলনা- ৪ মহোদয় কর্তৃক প্রদত্ত রেইন ওয়াটার হার্ভেস্টিং (পানির ট্যাংক) এর তালিকার কাজও বিভিন্ন প্রতিবন্ধকতার দরুন বাস্তবায়ন করা সম্ভব হয়নি। এ বিষয়টি সমাধানে উপজেলা প্রশাসনের সার্বিক সহযোগিতা/হস্তক্ষেপ কামনা করছি। মুজিব শতবর্ষ উপলক্ষ্যে ভুমিহীন ও গৃহহীন (আশ্রয়ন প্রকল্পে) পরিবারের জন্য = ০৮টি গভীর নলকূপ স্থাপন কাজ শেষ হয়েছে। এছাড়াও প্রাথমিক বিদ্যালয়ে ০২ টি Wash Block এর নির্মান কাজ চলমান আছে এবং ১৮টি প্রাথমিক বিদ্যালয়ে সাবমার্সিবল পাম্পযুক্ত গভীর নলকূপ স্থাপনের কাজ দ্রুতই শুরু হবে । তাছাড়া অত্র উপজেলায় ১৮টি কমিউনিটি ভিত্তিক গভীর নলকূপ স্থাপনের কথা থাকলেও অদ্যবধি জেলা অফিস হতে কার্যাদেশ না পাওয়ায় কাজ শুরু করা সম্ভব হয়নি। সদস্য সচিব সভাকে আরও জানান যে, অত্র উপজেলায় জনস্বাস্থ্য, স্যানিটেশন ও নিরাপদ পানি সরবরাহের বিষয়টি নিশ্চিত করতে হলে অবশ্যই নলকূপ স্থাপনের ক্ষেত্রে সেপ্টিক ট্যাংক/সোকওয়েল হতে নূন্যতম ১০মিটার বা ৩০ ফুট দূরে নলকূপ স্থাপনের জন্য স্থান নির্বাচন করতে হবে। সরকারের পরিকল্পনা অনুযায়ী একটি নলকূপ হতে অন্তত পার্শ্ববর্তী ১০ টি পরিবারকে নিরাপদ পানি সরবরাহের বিষয়টি গুরুত্বের সাথে | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারী বিধি-বিধান অনুসরণ পূর্বক গভীর নলকূপ বরাদ্দের ক্ষেত্রে যাচাই বাছাই সাপেক্ষে প্রকৃত উপকার ভোগী নির্বাচন করে বরাদ্দ প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী জনস্বস্থ্য প্রকৌশলী, দিঘলিয়া, খুলনা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | বিবেচনা করে নলকূপ স্থাপনের জন্য স্থান নির্বাচন করতে হবে। সদস্য সচিব উক্ত বিষয়গুলি গুরুত্বসহকারে বিবেচনা পূর্বক তালিকা প্রেরণের জন্য স্থানীয় ইউপি চেয়ারম্যানবৃন্দের প্রতি অহ্বান করেন। | | |
| ১৫ | চেয়ারম্যান দিঘলিয়া ইউনিয়ন পরিষদ | **প্রস্তাব -১ :** চেয়ারম্যান দিঘলিয়া ইউনিয়ন পরিষদ জানান যে, উপজেলা মৌড় সংলগ্ন যে কৃষি মাঠ রয়েছে। সেখানে পানি নিস্কাশনের ব্যবস্থা না থাকায় জলবদ্ধতার কারণে সে সকল কৃষি জমিতে আমন মৌসুমের ধান রোপন করা সম্ভব হয়নি। এতে করে ঐ সমস্ত কৃষকরা ক্ষতিগ্রস্থ হয়েছে। তিনি বলেন কৃষকদের নিয়মিত ফসল ফলানোর সুবিধার্থে কৃষিখেতের পানি মাটির নিচ থেকে পাইপ বসিয়ে পানি নিস্কাশন ব্যবস্থা গ্রহণ করার জন্য তিনি উপজেলা কৃষি অফিসারকে বিএডিসির উদ্ধর্তন কর্মকর্তার সাথে আলোচনা করে পাইপ আনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ জানান।<br><br>**প্রস্তাব-২:** চেয়ারম্যান দিঘলিয়া ইউপি আরো জানান যে, অত্র ইউনিয়নের ০৭ নং ওয়ার্ডের ফরমাইশখানা গ্রামে রাস্তার পার্শ্বে হিন্দুদের পূজা মন্দ্রিরের নিজস্ব জায়গায় এবং তাদের রোপিত দীর্ঘদিনের পুরাতন বটগাছ প্রবল বর্ষনের ফলে উপড়ে পুকুরের মধ্যে পড়ে গেছে। জরুরী ভিত্তিতে বট গাছটি অপসারণ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | সিদ্ধান্ত-১: সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা মৌড় সংলগ্ন ফসলের মাঠে জমে থাকা পানি নিস্কাশন ও নাককাটি খালের সুইচ গেট নির্মানের জন্য উপজেলা কৃষি অফিসের মাধ্যমে বি এ ডিসি অফিস থেকে পাইপ এর ব্যবস্থা করে পানি নিস্কাশন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>সিদ্ধান্ত-২: বিস্তারিত আলোচনান্তে উক্ত বট গাছটি সরকারী সম্পত্তির উপর রোপিত না হওয়ায় বট গাছটি হিন্দুদের পূজা মন্ডপের নিজস্ব সম্পত্তির জায়গায় হওয়ায় সেখানে তারা দীর্ঘদিন যাবৎ পূজা করে আসছে এবং তাদের রোপিত গাছ তারা সেটি নিজ খরচে গাছটি কাটিয়ে নেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার দিঘলিয়া, খুলনা।<br><br>ফরমাইশ খানা বট গাট পূজা মন্দির কমিটি, দিঘলিয়া, খুলনা। |
| ১৬ | চেয়ারম্যান আড়ংঘাটা ইউনিয়ন | চেয়ারম্যান আড়ংঘাটা ইউনিয়ন পরিষদ জানান যে, যুব উন্নয়ন বিভাগের প্রশিক্ষনকোর্সের কোন প্রকার সংবাদ অত্র ইউ, পি না পাওয়ায় সৃষ্ট জটিলতা নিরসনে সকল বিভাগের প্রধানকে সংশ্লিষ্ট চেয়ারম্যানদের অবগতির মাধ্যমে অনুষ্ঠানাদি করার অনুরোধ করেন।<br>তিনি বলেন অত্র উপজেলার নগরঘাট খেয়াঘাটে০র দেয়াড়া পাড়ের উঠানামার ঘাটটি কম প্রসস্থ হওয়ায় সাধারণ যাত্রীদের খেয়া থেকে উঠা এবং নামার ঘাটটি বেশি প্রসস্থ করারসহ যাত্রীদের জন্য একটি যাত্রী ছাউনির ব্যবস্থা করার বিষয় সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে সকল দপ্তর প্রধানগনদের ইউনিয়ন পর্যায়ের দাপ্তরিক কোন অনুষ্ঠান পরিচালনারক্ষেত্রে ইউপি চেয়ারন্যরদেরকে অবহিত করাসহ দেয়াড়া খেয়াঘাটটি প্রসস্থ করার ক্ষেত্রে জেলা পরিষদের পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশী, দিঘলিয়া, খুলনা। |
| ১৭ | উপজেলা নির্বাহী অফিসার, দিঘলিয়া, খুলনা। | **প্রস্তাব-১:** উপজেলা নির্বাহী অফিসার জানান যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর নির্দেশনা মোতাবেক উপজেলায় জাতীয় দিবস উদযাপন উপলক্ষে এক অর্থবছরে সর্বোচ্চ ১,০০,০০০/- (এক লক্ষ ) টাকা ব্যয় করার বিধান রয়েছে। সে মোতাবেক বিজয় দিবস/২০২৪ উদযাপন উপলক্ষে বিভিন্ন খরচ বাবদ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে উত্তোলনের বিষয় সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে বিজয় দিবস উদযাপন উপলক্ষে উপজেলা রাজস্ব তহবিল হতে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা উত্তোলন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ, ও উপজেলা নির্বাহী অফিসার, দিঘলিয়া, খুলনা। |

**প্রস্তাব-২:** উপজেলা নির্বাহী অফিসার জানান যে, তার বাংলো অফিসের ব্যবহৃত চেয়ার এবং টেবিলটি ব্যবহারের অনুপযোগী হওয়ায় নতুন একটি চেয়ার, টেবিল ও বাংলো অফিস রুমের ব্যবহারের জন্য এক সেট নতুন সোফা ক্রয়ের কার্য সম্পাদনের জন্য = ২,০০,০০০/- (দুই লক্ষ টাকার) একটি প্রাক্কলন ও একটি প্রকল্প কমিটি গঠন করে উপস্থাপন করা হলো। যা অনুমোদন প্রয়োজন। কমিটি নিম্নরূপঃ

| ক্র: নং | নাম ঠিকানা | ঠিকানা | পরিচয় | কমিটির পদবী |
|---|---|---|---|---|
| ১ | মোঃ আজিজুল রহমান | দিঘলিয়া | ইউপি সদস্য | সভাপতি |
| ২ | মোঃ হাবিব | দেয়াড়া | ব্যবসায়ী | সদস্য-সচিব |
| ৩ | মোঃ ফরহাদ হোসেন | ব্রহ্মগাতি | আনসার | সদস্য |
| ৪ | মোঃ কাওছার | দেয়াড়া | সমাজ সেবক | সদস্য |
| ৫ | মোঃ জুয়েল হোসেন | আড় ডি এন | শিক্ষক | সদস্য |
| ৬ | মোঃ শহিদুল্লাহ | গোয়ালপাড়া | ইমাম | সদস্য |
| ৭ | মোঃ আমির শেখ | গোয়াল পাড়া | গন্যমান্য | সদস্য |

সভায় বিস্তারিত আলোচনান্তে কাজটি বাস্তবায়নের জন্য প্রাক্কলন ও প্রকল্প কমিটি অনুমোদনসহ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহ করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

**প্রস্তাব-৩:** উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে সার্বিক নিরাপত্তার স্বার্থে স্থাপিত সিসি ক্যামেরার প্রায় সবগুলোই অকেজো হয়ে পড়েছে। বিধায় সরকারী বিভিন্ন স্থাপনা অভ্যন্তরে গুরুত্বপূর্ণ মালামালসহ নির্বাহী অফিসার মহোদয়ের বাসভবনে নিরাপত্তা নিশ্চিতকল্পে জরুরী ভিত্তিতে উক্ত অকেজো সিসি ক্যামেরাগুলি দ্রুত স্থাপন করা প্রয়োজন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

সভায় বিস্তারিত আলোচনান্তে পরিষদের সার্বিক নিরাপত্তার স্বার্থে অকেজো সিসি ক্যামেরাগুলি দ্রুত প্রতিস্থাপন এর কাজ সম্পূর্ণ করে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে উক্ত খরচকৃত অর্থ উত্তোলন করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

**প্রস্তাব:-৪** উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষরদের বিভিন্ন বাসাবাড়িতে বসবাসকারীরা তাদের বাসায় পানি পাচ্ছে না মর্মে এক খানা অবেদন করেন। উক্ত আবেদনের প্রেক্ষিতে বাসাবাড়িতে সংযোগকৃত পানির লাইনে লোহার পাইপগুলি দীর্ঘদিনের পুরাতন হওয়ায় সেগুলি বিভিন্ন স্থান থেকে মরিচাপড়ে নষ্ট হয়ে যাওয়ায় বিভিন্ন ভবনের বাসাবাড়িতে পানি পাচ্ছেনা। সে প্রেক্ষিতে পানির লাইনগুলি পানির অপচয়সহ বিদ্যুৎ বিল সাশ্রায় করনে উক্ত পানির লাইন গুলি দ্রুত মেরাম করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

সভায় বিস্তারিত আলোচনান্তে পরিষদের বিভিন্ন বাসাবাড়িতে বসবাসকারীদের আবেদনের প্রেক্ষিতে উক্ত পানির লাইনগুলি দ্রুত মেরামত করে কাজের বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে খরচকৃত অর্থ উত্তোলন করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

| | | | | |
